| | | | |
|---|---|---|---|
| ৩১ | ইউজিডিপি ঃ উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরের সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণগুলো দ্রুত সমাপ্ত করার জন্য উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা/সংশ্লিষ্ট সকল |
| ৩২ | বিবিধ ঃ ক) স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা- ১ শাখা, ঢাকা এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০০২.২০১১-৬২, তারিখঃ ০৫.০৪.২০২২ খ্রি. মূলে প্রাপ্ত স্মারকের বিষয়ে সভাপতি সভার দৃষ্টি আকর্ষণ করেন। প্রাপ্ত পত্রের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>খ) আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে গ্রাম পুলিশের শূন্যতা পদ পূরণ সংক্রান্তঃ আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে গ্রাম পুলিশের শূন্যতা পদ পূরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সভায় উপস্থাপন করেন।<br>গ) ১০টি ইউনিয়নের চেয়ারম্যানগণকে ১% এর তহবিল থেকে দ্রুত প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করা হয়। এর মধ্যে প্রতিটি ইউনিয়নে ০১টি প্রাথমিক বিদ্যালয়ে সৌন্দর্যবর্ধণ এবং শিশু পার্ক নির্মাণের অবশ্যম্ভাবী প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করা হয়। যেহেতু করোনার পরবর্তী স্কুলে ভর্তির হার তুলনা মূলকভাবে কমে গেছে সেহেতু শিক্ষার্থীদেরকে স্কুলগামী বা স্কুলে আসার প্রতি আকৃষ্ট করার জন্য এরূপ প্রকল্প গ্রহণ অতীব জরুরী মর্মে সভার সকল সদস্য মতামত ব্যক্ত করেণ।<br>ঘ) এছাড়াও সভাপতি বলেন, সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশনা প্রতিপালনে উপজেলা পরিষদে আয়োজিত বিভিন্ন মিটিংসহ সকল অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকল বিভাগের দপ্তর প্রধানগণ সংগত কারণ ব্যতিত বিনা ব্যর্থতায় সভায় উপস্থিত থাকতে হবে। | ক) উপজেলা পরিষদ চেয়ারম্যানগণের অনুকূলে বরাদ্দকৃত পুরাতন (১৯৮৪ সালের বরাদ্দকৃত) জীপ গাড়ী পরিত্যক্ত/ অকেজো ঘোষণার নিলাম মূল্য নির্ধারণের জন্য পরিদর্শক, বিআরটিএ, লক্ষ্মীপুর এর নিকট পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) সভায় বিস্তারিত আলোচনায় শূন্যতা পদ পূরণের বিষয়ে কোন ইউনিয়নে কতজন গ্রাম পুলিশের পদ শূন্য রয়েছে তার বিস্তারিত প্রতিবেদন দেয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) আগামী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে ১% এর তহবিল থেকে দ্রুত প্রকল্প দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) উপজেলা পরিষদের মাসিক মিটিংসহ আয়োজিত সকল অনুষ্ঠানে সকল বিভাগের দপ্তর প্রধানগণ সংগত কারণ ব্যতিত বিনা ব্যর্থতায় সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। অন্যথায় স্ব-স্ব জেলা প্রধান/ বিভাগীয় প্রধান/ মন্ত্রণালয়ে প্রত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর |

৩৩। প্রত্যেক মাসে সভায় বিভাগীয় কার্যপত্র সাথে নিয়ে আসার জন্য এবং সংশ্লিষ্ট সহকারীর নিকট পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করার জন্য সভার পক্ষ হতে সকলকে অনুরোধ করা হয়।

৩৪। প্রত্যেক মাসে সভা শেষ হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে কার্যবিবরণী সম্পন্ন করে সংশ্লিষ্ট সকলের নিকট কার্যবিবরণী প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

৩৫। উপজেলা নির্বাহী অফিসার সম্মানিত সদস্যগণকে ধৈর্যসহকারে এ সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম ও উন্নয়ন সম্পর্কে অবহিত করা, আলোচনা করা, পরামর্শ প্রদান এবং সিদ্ধান্ত গ্রহণ করার জন্য ধন্যবাদ জানান।

৩৬। সভাপতি সভায় উপস্থিত সকলকে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার অনুরোধ জানান। তিনি সকলের আন্তরিক প্রচেষ্টা ও সমন্বয় সাধনের মাধ্যমে কাজ করার জন্য আহবান জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন।

৩৭। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.৪.২০২২

(মামুনুর রশিদ)
উপজেলা পরিষদ চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা মাসিক উন্নয়ন সভা
রায়পুর, লক্ষ্মীপুর

